



আঞ্চলিক পরিচালক

আঞ্চলিক কেন্দ্র : ঢাকা/ ময়মনসিংহ/ কুমিল্লা/ চট্টগ্রাম/ সিলেট/ যশোর/
বরিশাল/ রংপুর/ বগুড়া/ রাজশাহী/ ফরিদপুর/ খুলনা
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।


বিষয় : ওপেন স্কুল পরিচালিত এমবিএ প্রোগ্রামে ভর্তির বিষয়ে (OSAPS) ব্যবহার সংক্রান্ত নির্দেশনা প্রসঙ্গে।

মহোদয়,

বাউবি'র ওপেন স্কুল পরিচালিত এমবিএ (বাংলা মাধ্যম) প্রোগ্রামে অনলাইনে ভর্তির বিষয়ে (OSAPS) ব্যবহার সংক্রান্ত জরুরি কিছু নির্দেশনা :

১. <http://osaps.bou.edu.bd> তে লগইন করে অর্থ প্রদানসহ ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা যাবে। এক্ষেত্রে টাকা জমা দেওয়া যাবে DBBL, বিকাশ- ০১৭৫৬-০৪৫১৬৬ এবং সিউর ক্যাশ- ০১৭৮৬-৫২৪৯১৭৫ নম্বরে।
২. ভর্তি কার্যক্রম সম্পন্ন করার ক্ষেত্রে ভর্তি ফি'সহ বিভিন্ন মাধ্যমের পেমেণ্ট চার্জ সংশ্লিষ্ট শিক্ষার্থী বহন করবেন।
৩. নির্বাচিত তালিকায় অন্তর্ভুক্ত আবেদনকারীগণের সকল একাডেমিক সনদপত্র যাচাই করে যদি ভর্তির যোগ্য বিবেচিত হন সে ক্ষেত্রে তাদের ভর্তি সম্পন্ন করা যাবে। ভর্তির যোগ্যতা হিসেবে ন্যূনতম ০৮ পয়েন্ট থাকতে হবে। একটির বেশি তয় শ্রেণী এবং ০২ বছর মেয়াদী ডিগ্রী গ্রহণযোগ্য নয়। তবে ০২ বছর মেয়াদী স্নাতক ডিগ্রীধারীগণ যদি স্নাতকোত্তর ডিগ্রী অর্জন করে থাকেন তবে তারা ভর্তির জন্য যোগ্য বলে বিবেচিত হবেন।
৪. ভর্তির সময় ভর্তি কর্মকর্তাকে সকল মূল সনদপত্র, নম্বরপত্র দেখাতে হবে (যা তাৎক্ষণিক ফেরত যোগ্য)। একই সঙ্গে সকল মূল সনদপত্র, নম্বরপত্র, জাতীয় পরিচয় পত্র, জন্ম নিবন্ধন এর সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে (যা অফেরত যোগ্য)।
৫. ভর্তি কর্মকর্তা কর্তৃক জমাকৃত সনদপত্রের যথার্থতা নিশ্চিত হওয়ার পরেই কেবল আবেদনকারী/শিক্ষার্থী তার নির্ধারিত কোর্স ফি জমা দিবেন। সনদপত্র সম্পর্কে ভর্তি কর্মকর্তা কর্তৃক নিশ্চিত না হয়ে অনলাইনে কোর্স ফি জমা প্রদান করলে তার দায় দায়িত্ব সংশ্লিষ্ট শিক্ষার্থীকে বহন করতে হবে।
৬. আপনার ব্রাউজারে osaps.bou.edu.bd লিখে Enter করুন + Login -এ ক্লিক করুন + User Id ও Password দিয়ে প্রবেশ করুন + Menu তে Student Service -এ গিয়ে Course Enrollment -এ ক্লিক করে পরবর্তী ধাপসমূহ সম্পন্ন করে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করুন।
৭. অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর পেমেণ্ট সংক্রান্ত তথ্য যেমন : ট্রানজেকশন আইডি, একাউন্ট নম্বর, টাকার পরিমাণ, তারিখ ইত্যাদি সংরক্ষণ করুন।
৮. প্রোফাইল, ট্রানজেকশন হিস্ট্রিসহ রেজিস্ট্রেশনকৃত কোর্সসমূহের প্রিন্ট কপি সংরক্ষণ করুন এবং সংশ্লিষ্ট আঞ্চলিক/উপ-আঞ্চলিক কেন্দ্রে জমা দিন।

বর্ণিত নির্দেশনাসমূহ অনুসরণ করে সঠিক ও সুন্দরভাবে ভর্তি কার্যক্রম সম্পন্ন করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।


(ড. আনিস রহমান)
পরিচালক
এসএসএস বিভাগ

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১. রেজিস্ট্রার, বাউবি।
২. ডিন, ওপেন স্কুল, বাউবি।
৩. পরীক্ষা নিয়ন্ত্রক, পরীক্ষা বিভাগ, বাউবি।
৪. সিস্টেম ম্যানেজার, কম্পিউটার বিভাগ ও আইসিটি হেড, বাউবি (বাউবি'র ওয়েব সাইটে পত্রটি প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫. পরিচালক (এসএসএস) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, অডিট সেল, উপাচার্যের দপ্তর, বাউবি।
৬. আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক কেন্দ্র : সকল, বাউবি।
৭. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. সহকারী পরিচালক, প্রো-উপাচার্যের দপ্তর, বাউবি (প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. সহকারী পরিচালক, ট্রেজারার দপ্তর, বাউবি (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, উপ-আঞ্চলিক কেন্দ্র : বাউবি।
১১. সংশ্লিষ্ট স্টাডি সেন্টার :।
১২. সংরক্ষণ নথি।